



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৮-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় আয়োজিতব্য 'ফেডারেশন কাপ ২০২০' এর খেলা আগামী ২২-১২-২০২০ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে উক্ত প্রতিযোগিতার টাইটেল স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের সাথে বাফুফে'র এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অদ্য ০৮-১২-২০২০ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফে সিনিয়র সহ-সভাপতি ও প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি, বাফুফে সদস্য জনাব মোঃ ইলিয়াস হোসেন, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ এবং প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির সদস্য সৈয়দ রিয়াজুল করিম।

এছাড়াও উপস্থিত ছিলেন ওয়ালটন গ্রুপের নির্বাহী পরিচালক জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার (ডন), প্রিমিয়ার ব্যাংক লিঃ এর ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর জনাব শামসুদ্দিন চৌধুরী এবং আইএফআইআসি ব্যাংক লিঃ এর ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর এন্ড হেড অব ইন্টারন্যাশনাল ডিভিশন জনাব শাহ মোঃ মঈনুদ্দিন।

উক্ত প্রতিযোগিতার টাইটেল স্পন্সর; ওয়ালটন, পাওয়ার্ড বাই; প্রিমিয়ার ব্যাংক লিঃ এবং কো-স্পন্সর; আইএফআইআসি ব্যাংক লিঃ।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।